

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd

স্মারক নম্বর : ৪৬.০০.৩৬০০.০৪২.১৪.০৫৮.১৭.১২৩৮

তারিখ : ২৫ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৮ জুন ২০২৬

বিষয় : ২০২৫-২৬ অর্থবছরে হবিগঞ্জ জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৬৩২.১২ লক্ষ (ছয় কোটি বত্রিশ লক্ষ বারো হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১৯৫টি প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন।

সূত্র : স্মারক নম্বর : ৪৬.৬০.৩৬০০.০০১.১৪.০৪৮.২৬-১০৮; তারিখ : ২৭-০৪-২০২৬ খ্রি।


উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে ২০২৫-২৬ অর্থবছরে হবিগঞ্জ জেলা পরিষদের অনুকূলে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় বরাদ্দকৃত ৬৩২.১২ লক্ষ (ছয় কোটি বত্রিশ লক্ষ বারো হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১৯৫টি প্রকল্প-এর মধ্যে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত ২টি প্রকল্পের বিষয়ে তথ্যসহ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

ক্রম	প্রকল্প তালিকার ক্রমিক	প্রাক্কলিত ব্যয়	মন্তব্য/ চাহিত তথ্য
(১)	(২)	(৩)	(৪)
১.	৬৮	৩.০০ লক্ষ	(ক) একই প্রকল্প দুইবার প্রস্তাব করা হয়েছে কেন?
২.	৬৯	৩.০০ লক্ষ	(খ) কবরস্থানটি ব্যক্তি কেন্দ্রীক, না কি সামাজিক/Community Based?
মোট=	২টি প্রকল্প	৬.০০ লক্ষ	

২। এমতাবস্থায়, উপরিউক্ত ২টি প্রকল্প ব্যতীত অবশিষ্ট (১৯৫-২)=১৯৩টি প্রকল্প (৬৩২.১২-৬.০০)=৬২৬.১২ লক্ষ (ছয় কোটি ছাশ্লিশ লক্ষ বারো হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে নিম্নবর্ণিত শর্ত যথাযথভাবে অনুসরণপূর্বক বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো :

শর্তাবলি :

- পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫, জেলা পরিষদের এডিপি বরাদ্দ ব্যবহার নির্দেশিকা, ২০২২ এবং এ সংক্রান্ত প্রযোজ্য সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- স্থানীয় সরকার বিভাগের অনুমোদিত কোনো প্রকল্প/প্রকল্প বাস্তবায়নের পদ্ধতি এ বিভাগের অনুমোদন ব্যতিরেকে পরিবর্তন করা যাবে না;
- সামাজিক/শিক্ষা/ধর্মীয় প্রতিষ্ঠানের জন্য গৃহীত প্রকল্পসমূহ সমাপ্তির পর উক্ত স্থানে জনসাধারণের অবগতির জন্য 'প্রকল্পের নাম, অর্থবছর, ব্যয় এবং অর্থায়ন: জেলা পরিষদ, ...' শীর্ষক ফলক আবশ্যিকভাবে সংযোজন করতে হবে;
- গৃহীত প্রকল্পসমূহের বিস্তারিত তথ্য (প্রকল্পের সংক্ষিপ্ত তথ্য, প্রাক্কলিত ব্যয়, প্রকল্পের মেয়াদ ইত্যাদি) সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ স্থানে জনগণের অবগতির জন্য প্রদর্শন করতে হবে;
- গত ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখে এ বিভাগ হতে জারিকৃত ৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-৩৪১নং পরিপত্রের ৫নং অনুচ্ছেদে বর্ণিত প্রকল্প গ্রহণ/বাস্তবায়ন করা যাবে না; এবং
- প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জেলা পরিষদের ওয়েবসাইটে নিয়মিত তথ্য হালনাগাদ করতে হবে।


খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব

ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮

Email: lgzp@lgd.gov.bd

বিতরণ :


- প্রশাসক, জেলা পরিষদ, হবিগঞ্জ;
- প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, হবিগঞ্জ।

স্মারক নম্বর : ৪৬.০০.৩৬০০.০৪২.১৪.০৫৮.১৭.১২৩৮

তারিখ : ২৫ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৮ জুন ২০২৬

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য]।


খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব